

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৪

আগরতলা, ১৮ জুন, ২০২৪

জেলা নির্বাচনী আধিকারিক ও পুলিশ সুপারদের মুখ্য নির্বাচন কমিশনারের শংসাপত্র



অষ্টাদশ লোকসভা সাধারণ নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য ভারতের মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার দেশে সব জেলা নির্বাচনী আধিকারিক ও জেলা পুলিশ সুপারদের শংসাপত্র প্রদান করেছেন। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমারের স্বাক্ষরিত এই শংসাপত্রগুলি আজ রাজ্য অতিথিশালায় এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের মাধ্যমে রাজ্যের সব জেলা নির্বাচন আধিকারিক ও জেলা পুলিশ সুপারদের হাতে তুলে দেওয়া হয়। রাজ্যের মুখ্যসচিব জেকে সিনহা, রাজ্য পুলিশের মহা নির্দেশক শ্রী অনুরাগ এবং রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল শংসাপত্রগুলি প্রদান করেন। মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*